

শিক্ষার উন্নয়নে ৩০ কোটি টাকা ব্যয় করছে চসিক

চট্টগ্রাম বারো

চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ মনজুর আলম বলেছেন, নগরীর শিক্ষা সংকট নিরসনকল্পে রেলওয়ে হাসপাতাল কলেজ সিটি করপোরেশন উচ্চ বিদ্যালয়কে কলেজে উন্নীত করা হবে। তিনি গতকাল করপোরেশন পরিচালিত রেলওয়ে হাসপাতাল কলেজ সিটি করপোরেশন উচ্চ বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণ ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর এমএ মালেকের সভাপতিত্বে বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত সভায় চট্টগ্রাম সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা আপী আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র আরও বলেন, চট্টগ্রাম সিটি করপোরেশন তার শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনা, শিক্ষকদের বেতন তাতা ও অবকাঠামোদেহ অন্য ঋতে রাজস্ব আয় হতে ৩০ কোটি টাকা ব্যয় করছে। এর মধ্যে শিক্ষকদের এমপিও শিক্ষার্থীদের বেতনসহ অন্যান্য আনুষ্ঠানিক ঋতে ১৩ কোটি টাকা

পাওয়া গেলেও চট্টগ্রাম সিটি করপোরেশন উপমহানগরের একমাত্র স্বাভিষ্কমণ্ডী প্রতিষ্ঠান, যা নগরীর শিক্ষা প্রসারে বছরে ১৭ কোটি টাকা ভুক্তি দিয়ে ৭০টি শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনা করছে। এর মূল উদ্দেশ্য হচ্ছে চট্টগ্রামকে শিক্ষাবাহুর নগর হিসেবে গড়ে তোলা। এ ক্ষেত্রে চট্টগ্রাম সিটি করপোরেশন নানান উদ্যোগ গ্রহণ করে আসছে। এ প্রসঙ্গে মেয়র বলেন, বর্তমানে চট্টগ্রাম সিটি করপোরেশন পরিচালিত শিক্ষাপ্রতিষ্ঠানে প্রায় ৭০ হাজার স্বাতন্ত্র্যক্রী লেখাপড়া করে যাচ্ছে। শিক্ষাদীক্ষায় অমগ্রসর ওয়ার্ডগুলোর শিক্ষা বিস্তারের আশায়ীতে চট্টগ্রাম সিটি করপোরেশনের উদ্যোগে আরও নতুন শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন এবং বিদ্যমান বিদ্যালয়কে কলেজে উন্নীত করা হবে বলে তিনি উল্লেখ করেন। মেয়র বলেন, শিক্ষা ক্ষেত্রে রেলওয়ে হাসপাতাল কলেজ সিটি করপোরেশন উচ্চ বিদ্যালয়টির সুনাম রয়েছে। এই সুনাম যাতে আগামীতেও অক্ষুণ্ণ থাকে সেক্ষেত্রে তিনি শিক্ষকদের পাঠদানের ক্ষেত্রে আরও আন্তরিক হওয়ার আহ্বান জানান। পরে মেয়র ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।